দৈনিক বাংলা

২২

তারিখ ৬/৭/৮২ ...
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

013



শামসুন্নাহার হল ইনডোর গেমসে অন্যতম যুগ্ম চ্যাম্পিয়ন পলিনকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর জনাব এ কে এম সিদ্দিকের হাত থেকে পুরস্কার নিতে দেখা যাচ্ছে।

## শামসুন্নাহার হল ইনডোর গেমস ফলাফল

শামসুন্নাহার হল ইনডোর গেমসে কামরুন্নাহার ডানা চ্যাম্পিয়ন এবং রীনা চাকমা ও আফরোজা পলিন যুগ্ম চ্যাম্পিয়ন হয়েছেন। ডানা ব্যাডমিন্টন ও টেবিল টেনিসের সিঙ্গেলস ও ডাবলস মিলিয়ে ৪টিতে চ্যাম্পিয়ন হন। দাবার সিঙ্গেলসে মীরা মজুমদার (চ্যাম্পিয়ন), কণিকা চাকমা (রানার্স), ক্যারম সিঙ্গেলসে রীনা চাকমা (চ্যাম্পিয়ন), নাদিরা বেগম (রানার্স) এবং ডাবলসে নাদিরা বেগম ও রোকেয়া বেগম (চ্যাম্পিয়ন), রীণা চাকমা ও সালমা বেগম (রানার্স), তাস—রীনা চাকমা ও সেলিনা পারভীন (চ্যাম্পিয়ন), সুলতানা বেগম ও ইসমত আরা কীন রানার্স আপ হয়েছেন। খেলার শেষে প্রো-ভাইস চান্সেলর জনাব এ কে এম সিদ্দিক পুরস্কার বিতরণ করেন। —খবর বিজ্ঞপ্তির।